"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-২
www.probashi.gov.bd

নং ৪৯.০০০.০১১.০০.০০.৪৮৪.২০১৩.৪৫৫ তারিখ: ১৮ নভেম্বর ২০২০ খ্রি:

# পরিপত্র

সুষ্ঠু, নিরাপদ ও নিয়মতান্ত্রিক অভিবাসন ব্যবস্থাপনা নিশ্চিতকল্পে প্রণীত "বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩" এর ধারা ৪১ অনুযায়ী কোনো ক্ষতিগ্রস্ত ব্যক্তি রিক্রুটিং এজেন্টসহ যে কোনো ব্যক্তির বিরুদ্ধে প্রতারণা, অবৈধভাবে অর্থ গ্রহণ অথবা কর্মসংস্থান চুক্তি লঙ্ঘনের অভিযোগসহ সংশ্লিষ্ট অন্য যে কোনো অভিযোগ উত্থাপন করতে পারবেন। সরকার বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ বা ব্যক্তি, অভিযোগের তদন্ত পরিচালনা এবং/অতঃপর আদেশ দ্বারা সরাসরি বা সালিসের মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি করতে পারেন এবং উক্ত সালিসের মাধ্যমে অভিযোগ নিষ্পত্তির পদ্ধতি বিধি দ্বারা নির্ধারিত হবে। তদনুযায়ী, "বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৭" এর বিধি ১৫ তে সালিস বা মধ্যস্থতার বিধান রাখা হয়েছে। সংশ্লিষ্ট আইন ও বিধিমালার আলোকে এ বিষয়ে একটি গাইডলাইন/প্রক্রিয়া অনুসরণের লক্ষ্যে অভিযোগ নিষ্পত্তি এবং সালিশ ও মধ্যস্থতা বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

(ক) বৈদেশিক কর্মসংস্থানের উদ্দেশ্যে বিদেশ গমনেচ্ছু, বিদেশ গমনকারী ও বিদেশ ফেরত তথা অভিবাসী কর্মীরা কোনোভাবে প্রতারণা, হয়রানি বা সমস্যার সম্মুখিন হলে এবং উক্ত হয়রানি, প্রতারণা বা সমস্যার বিষয়ে অভিযোগ দায়ের করলে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এবং সংশ্লিষ্ট বিধিমালার আলোকে যথাযথ প্রক্রিয়ায় নির্ধারিত সময়ে তা নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে;

(খ) অভিযোগ তদন্তের ক্ষেত্রে কিংবা সালিস বা মধ্যস্থতার ক্ষেত্রে অভিযোগকারী/বাদী, অভিযুক্ত/বিবাদী এবং ভুক্তভোগী কর্মীর পরিচয় উপযুক্ত প্রমানক দ্বারা নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট সকল পক্ষের জাতীয় পরিচয়পত্র এবং পাসপোর্টের মূল কপি ও ফটোকপি যাচাই করে তা তদন্তসংশ্লিষ্ট কাগজপত্রের সাথে সংরক্ষণ করতে হবে;

(গ) তদন্তকারী কর্মকর্তা সর্বোচ্চ সতর্কতার সাথে দায়িত্ব পালন করবেন এবং অভিযোগের বিষয়ে তদন্তকারী কর্মকর্তা সালিশ কর্মকর্তার দায়িত্ব পালন করবেন না;

(ঘ) "বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৭" এর বিধি-১৫ এর বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালনের উদ্দেশ্যে বিএমইটি কর্তৃক পৃথকভাবে সালিশ কর্মকর্তা নিযুক্ত করতে হবে এবং প্রশাসনিক মন্ত্রণালয় হতে তার অনুমোদন গ্রহণ করতে হবে;

(ঙ) বিদেশ গমনেচ্ছু,বিদেশ গমনকারী ও বিদেশ ফেরত তথা অভিবাসী কর্মীর কোনো অভিযোগ সালিস বা মধ্যস্থতার মাধ্যমে নিষ্পত্তির ক্ষেত্রে সালিশ কর্মকর্তা সংশ্লিষ্ট সকল পক্ষের শুনানি ও সাক্ষ্য গ্রহণ করবেন এবং রেকর্ডপত্র ও দলিলাদি পর্যালোচনা করবেন;

(চ) সালিস বা মধ্যস্থতার মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি করা হলে, অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন লিখিতভাবে সরকার ও ব্যুরো'র (বিএমইটি) নিকট দাখিল করবে এবং তার অনুলিপি সংশ্লিষ্ট পক্ষগণকে প্রেরণ করবেন।

(ছ) কোনো ক্ষতিগ্রস্ত ব্যক্তি কর্তৃক রিক্রুটিং এজেন্টসহ যে কোনো ব্যক্তির বিরুদ্ধে প্রতারণা, অবৈধভাবে অর্থ গ্রহণ অথবা কর্মসংস্থান চুক্তি লঙ্ঘনের অভিযোগসহ সংশ্লিষ্ট অন্য যে কোনো অভিযোগ উত্থাপিত হলে তা নিষ্পত্তিকল্পে নিম্নোক্ত পদ্ধতি ও ধাপসমূহ অনুসরণ করতে হবে:

(অ) অভিযোগ দাখিলঃ বাদী কিংবা অভিযোগকারী ব্যক্তি/ব্যক্তিগণের নাম, ঠিকানা ও পরিচিতিসহ (জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন/পাসপোর্ট নম্বর) অভিযোগ দাখিল, অভিযোগের বিবরণ এবং তার সপক্ষে প্রমানক ও প্রয়োজনীয় কাগজপত্র ও আবেদন দাখিল;

(আ) অভিযোগের তদন্তঃ সরকার বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ বা ব্যক্তি এবং ক্ষেত্রমত বিএমইটি'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট সকল পক্ষের শুনানি গ্রহণ এবং অভিযোগের তদন্ত পরিচালনা । সংশ্লিষ্ট আইনের বিধান অনুসারে অভিযোগ প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে তদন্ত সমাপ্তির সময়সীমা অনুসরণ;

(ই) যথাযথ কর্তৃপক্ষের নিকট সুস্পষ্ট সুপারিশ/মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল;

চলমান পাতা-২

(ঈ) অভিযোগ প্রমাণিত হলে তদন্ত প্রতিবেদনের সুপারিশ/মতামতের আলোকে অভিযুক্তের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং প্রযোজ্য ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত ব্যক্তির ক্ষতিপূরণ আদায়ের ব্যবস্থা গ্রহণ এবং তা সরাসরি ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে প্রদানের ব্যবস্থা করা ;

(উ) অভিযোগ প্রমাণিত না হলে অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অব্যাহতি প্রদানের ব্যবস্থা করা;

(ঊ) অভিযোগের তদন্ত সম্পাদনের পর কোনো পক্ষ সালিস কিংবা মধ্যস্থতার ইচ্ছা পোষণ করলে বিএমইটি'র নির্ধারিত সালিস কর্মকর্তার মাধ্যমে তা নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ;

(ঋ) অভিযোগ প্রমাণিত হলে তদন্ত শেষ হওয়ার অনধিক ৩ (তিন) মাসের মধ্যে সরকার বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ বা ব্যক্তি, আদেশ দ্বারা সরাসরি বা সালিসের মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি করার বিষয়ে সংশ্লিষ্ট আইন ও বিধিমালার বিধানসমূহ অনুসরণ;

(এ) অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন লিখিতভাবে সরকার ও ব্যুরোর নিকট দাখিল এবং তার অনুলিপি পক্ষগণকে প্রেরণ;

(ঐ) অভিযোগ নিষ্পত্তির পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে এবং তৎপ্রেক্ষিতে ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে সরকারের নিকট আপিল করা হলে আপিল আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে তা নিষ্পত্তি করা;

০২। সুষ্ঠু, নিরাপদ, নিয়মতান্ত্রিক ও দায়িত্বশীল শ্রম অভিবাসন ব্যবস্থাপনা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ অধিকতর সুশৃঙ্খল ও কার্যকর লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশনাসমূহ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

০৩। উল্লিখিত নির্দেশনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২৮/১১/২০২০
(মোহাম্মদ শাহীন)
উপসচিব
ফোনঃ ৪১০৩০২৫২
ইমেইল: sasemployment2@probashi.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০২। সিনিয়র সচিব, ........................................................ ।
০৩। সচিব, ........................................................ ।
০৪। মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনার, ........................................................ ।
০৫। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৭। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
০৮। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লি: (বোয়েসেল), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।
০৯। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১০। উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১১। কাউন্সেলর/প্রথমসচিব(শ্রম কল্যাণ), ........................................................ ।
১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৪। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১৫। স্পেশাল পুলিশ সুপার (বহির্গমন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১৬। অধ্যক্ষ, ........................................................ ।
১৭। মহাসচিব, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা), ১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।
১৮। সিনিয়র সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৯। সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২০। সহকারী পরিচালক( প্রবাসী কল্যাণ ডেস্ক), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
২১। সহকারী পরিচালক( সকল), জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও)।
২২। সিস্টেম এনালিস্ট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২৩। সহকারী প্রোগ্রামার (আইসিটি), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৪। অফিস কপি।